



প্রিয় ধর্মবিশ্বাসী সম্প্রদায়ের নেতৃবৃন্দ

আমাদের সম্প্রদায়সমূহে আজ পর্যন্ত COVID-19 সংক্রমণের প্রসারণ বিলম্বিত করে কানাডাকে সহায়তা করার আপনার প্রচেষ্টার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাতে চাচ্ছি। গত কয়েক সপ্তাহ ধরে আমরা কানাডায় COVID-19-এর প্রকোপ বাড়তে দেখেছি। সারাদেশে সম্প্রদায়গসমূহে COVID-19-এর বিস্তার কমাতে সরকার এবং স্বাস্থ্য কর্মকর্তারা জনসাধারণকে সামাজিক দূরত্ব অনুশীলন করতে বলেছেন। এর অর্থ হচ্ছে ঘরে বসে থাকা, ভিড় এড়ানো এবং হ্যান্ডশেকের মতো সাধারণ সামাজিক অভিবাদন থেকে বিরত থাকা। প্রাদুর্ভাবের সময় অসুস্থতা বিস্তার কমাতে এটি হচ্ছে সবচেয়ে কার্যকর উপায়।

স্থানীয়, প্রাদেশিক এবং আঞ্চলিক জনস্বাস্থ্য কর্তৃপক্ষের পরামর্শ অনুসরণ করতে আমি আপনাকে অনুরোধ করছি যাহাতে সামাজিক দূরত্ব এবং গণ সমাবেশে নিষেধাজ্ঞার বিষয়ে পরামর্শ দেওয়া হয়েছে, এবং ঘার মধ্যে সন্তুষ্ট অন্তর্ভুক্ত রয়েছে সমস্ত নিয়মিত ধর্মীয় পরিষেবাসমূহ আপাতত স্থগিত করা। সামাজিক দূরত্বের মধ্যে রয়েছে আমাদের চারপাশে সুরক্ষার জন্য দুই মিটার অঞ্চল তৈরি করা — সংক্রামিত ফোঁটাটি কাশি বা হাঁচি থেকে ছড়িয়ে যেতে পারে এমন দূরত্ব। এটি কেবল সামাজিক দূরত্বের মাধ্যমেই বয়স্ক প্রাপ্ত বয়স্ক এবং চিকিৎসাগতভাবে দুর্বল কানাডিয়ান, যারা গুরুতর অসুস্থতার ঝুঁকিতে রয়েছে তাদের সহ, আমরা আমাদের সম্প্রদায়গুলিকে রক্ষা করতে পারি।

সম্প্রদায়ের অনেক সদস্যগণ এই সুযোগটিকে তাদের বাড়ীতে, অ্যাপার্টমেন্টে এবং বহুমুখী কক্ষগুলিতে ছেট ছেট সমাবেশ অনুষ্ঠান করার জন্য ব্যবহার করতে চাইতে পারেন। আমি আপনার সমাবেশ ও সম্প্রদায়ের সুরক্ষা এবং স্বাস্থ্য রক্ষার জন্য এই সমাবেশগুলিকে নিরুৎসাহিত করতে আপনার নেতৃত্বের ভূমিকাটি ব্যবহার করার অনুরোধ করছি।

আমি জানি এটি সহজ নয়। এটি অনেকের জন্য একটি অনিশ্চিত এবং কঠিন সময় এবং আপনার সম্প্রদায়ের লোকেরা সন্তুষ্ট তাদের সহায়তার জন্য তাদের বিশ্বাসের দিকে ঝুঁকছেন। আমি আপনাকে নেতৃত্ব প্রদান অব্যাহত রাখতে এবং আপনার সম্প্রদায়ের সদস্যদের সবাইকে ঘরে থাকতে উৎসাহিত করতে অনুরোধ করছি। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে অনলাইনে পরিষেবা দেওয়া থেকে শুরু করে তাদের সম্প্রদায়ের কাছে পৌঁছানোর জন্য কানাডা জুড়ে অভিনব বিকল্প প্রহণ করেছেন এমন ধর্মবিশ্বাসী নেতৃবৃন্দের অনেক গল্প দেখে আমি উৎসাহিত। সম্প্রদায়ে COVID-19-এর প্রসারণ হ্রাস করার জন্য আমাদের সম্মিলিত প্রচেষ্টায় অবিচ্ছিন্ন থাকার ব্যাপারটি আরও দেখতে পারবো বলে আমি আশাবাদী।

আমরা কেবলমাত্র আপনার সমর্থন এবং নেতৃত্বের মাধ্যমে আমাদের দেশের COVID-19-এর চ্যালেঞ্জের মোকাবেলা করতে পারবো।



Public Health
Agency of Canada

Agence de la santé
publique du Canada

Canada



সচেতনতামূলক সংস্থান এবং পথপ্রদর্শক নথি সহ কানাডার COVID-19 মোকাবেলা সম্পর্কিত আরও তথ্যের জন্য Canada.ca/coronavirus ওয়েবসাইট-এ যান।

ধন্যবাদ,

ডা: থেরেসা ট্যাম (Dr. Theresa Tam), চিফ পাবলিক হেলথ অফিসার অফ কানাডা



Public Health
Agency of Canada Agence de la santé
publique du Canada

Canada